

া সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ১২৪

৩/ আল-ইলম (ধর্মীয় জ্ঞান) (کتاب العلم)

পরিচ্ছেদঃ ৩/৪৬. কঙ্কর মারার সময় কোন মাসআলা জিজ্ঞেস করা।

আরবী

حَدَّثَنَا أَبُو نُعَيْمٍ، قَالَ حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ أَبِي سَلَمَةَ، عَنِ الزُّهْرِيِّ، عَنْ عِيسَى بْنِ طَلْحَةَ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو، قَالَ رَأَيْتُ النَّبِيَّ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم عِنْدَ الْجَمْرَةِ وَهُوَ يُسْأَلُ، فَقَالَ رَجُلٌ يَا رَسُولَ اللَّهِ نَحَرْتُ قَبْلَ أَنْ أَرْمِيَ. قَالَ " ارْمِ وَلاَ حَرَجَ ". قَالَ آخَرُ يَا رَسُولَ اللَّهِ حَلَقْتُ قَبْلَ أَنْ أَنْحَرَ. قَالَ " انْحَرْ وَلاَ حَرَجَ ". فَمَا سُئِلَ عَنْ شَيْءٍ قُدِّمَ وَلاَ أُخِّرَ إِلاَّ قَالَ افْعَلْ وَلاَ حَرَجَ.

বাংলা

১২৪. 'আবদুল্লাহ্ ইবনু 'আমর (রাযি.) হতে বর্ণিত। তিনি বলেনঃ আমি নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম -কে দেখলাম, জামরাহর নিকট তাঁকে মাসআলা জিজ্ঞেস করা হচ্ছে। এক ব্যক্তি জিজ্ঞেস করলঃ 'হে আল্লাহর রাসূল! আমি কংকর মারার পূর্বেই কুরবানী করে ফেলেছি।' তিনি বললেনঃ 'কঙ্কর মার, তাতে কোন ক্ষতি নেই।' অন্য এক ব্যক্তি জিজ্ঞেস করলঃ 'হে আল্লাহর রাসূল! আমি কুরবানী করার পূর্বেই মাথা কামিয়ে ফেলেছি।' তিনি বললেনঃ 'কুরবানী করে নাও, কোন ক্ষতি নেই।' বস্তুত আগ পিছ করার যে কোন প্রশ্নই তাঁকে করা হচ্ছিল, তিনি বলছিলেনঃ 'কর, কোন ক্ষতি নেই।' (৮৩) (আধুনিক প্রকাশনীঃ ১২২, ইসলামিক ফাউন্ডেশনঃ ১২৬)

English

Narrated `Abdullah bin `Ammar: I saw the Prophet (sallallahu 'alaihi wa sallam) near the Jamra and the people were asking him questions (about religious problems). A man asked, "O Allah's Messenger (sallallahu 'alaihi wa sallam) ! I have slaughtered the Hadi (animal) before doing the Rami." The Prophet (sallallahu 'alaihi wa sallam) replied, "Do the Rami (now) and there is no harm." Another person asked, "O Allah's Messenger (sallallahu 'alaihi wa sallam) ! I got my head shaved before slaughtering the animal." The Prophet (sallallahu 'alaihi wa sallam) replied, "Do the slaughtering (now) and there is no harm." So on that day, when the Prophet (sallallahu 'alaihi wa sallam) was asked about anything as regards the ceremonies of Hajj



performed before or after its due time his reply was, "Do it (now) and there is no harm."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন